



# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

[www.iau.edu.bd](http://www.iau.edu.bd) [iauins13@gmail.com](mailto:iauins13@gmail.com)

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৫/২০১৬/১৫৬৮৭

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ


## অফিস আদেশ

গাংগাইর নজমুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: গাংগাইর বাজার, উপজেলা: মধুপুর, জেলা: টাংগাইল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ০৭-০৯-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রমিক্রে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০২৯ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

### শর্তসমূহ:

১. সকল শ্রেণি বিশেষ করে ফাজিল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, ক্লাসে তাদের উপস্থিতি ও ফলাফল অধিকতর সন্তোষজনক হতে হবে;
২. অধ্যক্ষের কক্ষ আরও দৃষ্টিনন্দন করে সাজাতে হবে এবং অনতিবিলম্বে শূন্যপদসমূহ পূরণ করতে হবে;
৩. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে এবং প্রশাসনিক ও আর্থিক সকল কার্যক্রম ফাইল নোটের মাধ্যমে অনুমোদন করাতে হবে;
৪. ক্যাশ-কলামনার বই যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ করতে হবে এবং ভাষাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আরবি ও ইংরেজিতে ক্লাস পরিচালনা করতে হবে;
৫. গভর্নিং বডি কর্তৃক অডিট কমিটি গঠন করে শতভাগ আর্থিক, একাডেমিক ও প্রশাসনিক স্বচ্ছতা নিশ্চিত করতে হবে;
৬. মহিলা শিক্ষক ও ছাত্রীদের জন্য আলাদা কমনরুম, নামাজের স্থান, শিক্ষক মিলনায়তন ও ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে;
৭. যুগোপযোগী মানব সম্পদ তৈরির জন্য কম্পিউটার সমৃদ্ধ একটি লাইব্রেরি স্থাপন করতে হবে এবং শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি গাইডবই আনয়ন নিষিদ্ধ করতে হবে;
৮. মাদরাসার অফিসিয়াল কোনো কাজে ফ্লুইট ব্যবহার করা যাবে না এবং আয়-ব্যয়ের হিসাবে ছাপাকৃত রশিদ থাকতে হবে;
৯. শিক্ষক ও অভিভাবকদের মধ্যে সু-সম্পর্ক উন্নয়নের জন্য প্রতি ০৪ (চার) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
১০. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে;
১১. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেয়াত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১২. ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
১৩. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের আইডি কার্ডসহ ড্রেস কোড ও সিসি টিভির ব্যবস্থা করতে হবে;
১৪. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে



০৪.০৩.২০২৬

(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, গাংগাইর নজমুল ইসলাম ফাজিল মাদরাসা


ডাকঘর: গাংগাইর বাজার, উপজেলা: মধুপুর, জেলা: টাংগাইল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৫/২০১৬/১৫৬৮৭

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, গাংগাইর নজমুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: গাংগাইর বাজার, উপজেলা: মধুপুর, জেলা: টাংগাইল।
৭. অফিস নথি।



০৪.০৩.২০২৬

(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক

মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫